



চট্টগ্রাম কাস্টমস্ এজেন্টস্ এসোসিয়েশন

CHATTOGRAM CUSTOMS AGENTS ASSOCIATION

সি এন্ড এফ টাওয়ার (১৪তম তলা), ১৭১২, শেখ মুজিব রোড, আত্রাবাদ বা/এ, ডবলমুরিং, চট্টগ্রাম-৪১০০

প্রচার পত্র নং - ০৯ / ২০২৬

তারিখ: ০৯/০২/২০২৬ খ্রি.

সম্মানিত সদস্যবৃন্দের প্রতি,

এসোসিয়েশন কর্তৃক পরিচালিত টেম্পো পরিবহন সেবা গ্রহণের জন্য

টেম্পো টোকেন ফি পরিশোধ সংক্রান্ত

সম্মানিত সদস্যবৃন্দের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, চট্টগ্রাম বন্দর অভ্যন্তরে আমদানি-রপ্তানি কার্যক্রমে নিয়োজিত সিএন্ডএফ এজেন্টদের জেটি সরকার বা প্রতিনিধিদের বন্দর সংরক্ষিত এলাকায় নির্বিঘ্নে যাতায়াতের সুবিধার্থে চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষের অনুমতিক্রমে অত্র এসোসিয়েশনের তত্ত্বাবধানে দীর্ঘদিন যাবত টেম্পো পরিবহন সেবা পরিচালিত হয়ে আসছে।

উক্ত টেম্পো পরিবহন সেবা গ্রহণের জন্য এসোসিয়েশন কর্তৃক নির্ধারিত ফি পরিশোধপূর্বক টেম্পো টোকেন গ্রহণ করা বাধ্যতামূলক। কিন্তু লক্ষ্য করা যাচ্ছে, কতিপয় সিএন্ডএফ জেটি সরকার টেম্পো টোকেন ব্যতিত টেম্পোতে যাতায়াত করছেন। এর ফলে টেম্পো পরিচালনা ব্যয় নির্বাহে এসোসিয়েশনকে আর্থিক ক্ষতির সম্মুখীন হতে হচ্ছে। এ পরিস্থিতি অব্যাহত থাকলে ভবিষ্যতে টেম্পো পরিবহন সেবা পরিচালনা করা অত্যন্ত দুর্লভ হয়ে পড়বে। অন্যদিকে টেম্পো সার্ভিস ব্যাহত হলে সিএন্ডএফ জেটি সরকারদের বন্দর অভ্যন্তরে যাতায়াতের মারাত্মক বিঘ্ন সৃষ্টি হবে যা পরোক্ষভাবে সিএন্ডএফ এজেন্টদের আমদানি-রপ্তানি কার্যক্রমে নেতিবাচক প্রভাব ফেলবে।

এ প্রেক্ষিতে, টেম্পো পরিবহন সেবা সুষ্ঠু ও নিরবচ্ছিন্নভাবে পরিচালনার লক্ষ্যে সিএন্ডএফ এজেন্টদের জেটি সরকার বা প্রতিনিধিদের টেম্পো টোকেন গ্রহণের করার জন্য বিশেষভাবে অনুরোধ করা হল। টেম্পো টোকেন ব্যতিত কোনো সিএন্ডএফ এজেন্টের জেটি সরকার বা প্রতিনিধি টেম্পোতে যাতায়াত করলে জরিমানা আরোপসহ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে। উল্লেখ্য, সিএন্ডএফ প্রতিষ্ঠানের মালিকদের জন্য টেম্পো টোকেন গ্রহণ করা আবশ্যিক নয়।

▶▶ টেম্পো টোকেন ফি: ৫,০০০/- (পাঁচ হাজার টাকা), প্রতি বছর ১০০০/- (এক হাজার টাকা) হারে

▶▶ টেম্পো টোকেনের মেয়াদ: ৫ (পাঁচ) বছর

মোঃ শওকত আলী
সাধারণ সম্পাদক